65

তারিখ 25 MAR 199.. পৃষ্ঠা 7 কলাম 4

দৈনিক ইত্তেফাক

# স্বাভাবিক শিক্ষা জীবন ফিরাইয়া আনিতে সহযোগিতা করুন

## ভিসি মনিরুজ্জামান

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (শনিবার) দায়িত্বভার গ্রহণের প্রথমদিনে ঢাকা ভার্সিটির নবনিযুক্ত ভিসি প্রফেসর ডঃ এম মনিরুজ্জামান মিয়া বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক শিক্ষাজীবন ফিরাইয়া আনার লক্ষ্যে ছাত্র, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, অভিভাবক, সরকার, রাজনৈতিক দল, ছাত্র সং-

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## নয়া ভিসি

(১ম পৃঃ পর)

গঠনসহ দেশবাসীর আন্তরিক সহযোগিতা কামনা করিয়াছেন।

গতকাল এক আবেদনে ভিসি প্রফেসর মনিরুজ্জামান বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়কে বর্তমান সংকট হইতে উদ্ধার করা কঠিন ব্যাপার। সশস্ত্র সন্ত্রাসের ফলে গত কয়েক বছরে প্রতিশ্রুতিবান ১০/১২ জন তরুণ ক্যাম্পাসে প্রাণ হারাইয়াছে। আমরা সন্তানহারা পিতা-মাতাকে কোন সদুত্তর দিতে পারি নাই। বিশ্ববিদ্যালয় প্রশাসন বিশ্ববিদ্যালয় বন্ধ রাখিয়া সমস্যার সমাধানের চেষ্টা করিয়াছেন। কিন্তু এই ব্যবস্থায় সমস্যার সাময়িক সমাধান হইলেও পরে নতুন সমস্যার উদ্ভব হইয়াছে। ইহার ফলে শিক্ষা জীবন প্রলম্বিত হইয়া সেশন জটে পরিণত হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের ভবনগুলির প্রায় সবই জরাজীর্ণ, ছাত্রদের পরিবহন ব্যবস্থা নিতান্তই অপ্রতুল। শিক্ষকদের শতকরা ৬০ ভাগের আবাসিক সুবিধা নাই। এই বিশ্ববিদ্যালয়ের জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে অবদান রাখার সম্ভাবনা রহিয়াছে বর্তমানের তুলনায় অনেক বেশী।

নূতন ভিসি বলেন, এখানকার প্রায় এক হাজার শিক্ষক-শিক্ষিকা জ্ঞানে, গুণে, শিক্ষা-দীক্ষায় অত্যন্ত অভিজ্ঞ।

### দায়িত্বভার অর্পণ

গতকাল সকালে প্রশাসনিক ভবনের অফিস কক্ষে সাবেক ভিসি প্রফেসর আবদুল মান্নান নব নিযুক্ত ভিসিকে দায়িত্বভার বুঝাইয়া দেন। এই সময় বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। নব নিযুক্ত ভিসি প্রফেসর মনিরুজ্জামান প্রায় সারাদিন অফিস কক্ষে কাটান। এ সময় অনেকে তাহার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। তিনি বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের অফিস প্রধান, ডাকসুর জি, এস মুশতাক হোসেন ও ডাকসুর সদস্য লিটুর সহিত পৃথক সভা করেন। আজ (রবিবার) তিনি ডাকসু ও প্রভোষ্ট ষ্ট্যাণ্ডিং কমিটির সহিত পৃথক সভা করিবেন।

### ভিসির বাস ভবন হইতে পুলিশ প্রত্যাহার

গতকাল সকালে ভিসির বাসভবন হইতে পুলিশ প্রত্যাহার করা হইয়াছে। প্রায় ১ বৎসর ধরিয়া একদল পুলিশ নিয়মিত ভিসির বাসভবন পাহারায় ছিল।

### ছাত্রদলের মিছিল

ভিসি প্রফেসর আবদুল মান্নান পদত্যাগ করায় জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল ক্যাম্পাসে আনন্দ মিছিল বাহির করে। মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে এক সভায় নবনিযুক্ত ভিসিকে সর্বাত্মক সহযোগিতা প্রদানের আশ্বাস দেওয়া হয়।